



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
প্রশাসন শাখা

অফিস আদেশ

নং-পাচবিম(প্রঃ)-২০(৩)/৯৯/৯৫৭

তারিখ : ৭-১০-২০০৩ খ্রিঃ  
২২-০৬-১৪১০ বঃ

বিষয় : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ।

সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬ অনুসারে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের সুবিধার্থে অর্থ বিভাগ কর্তৃক ১৫-৮-১৯৮৩ খ্রিঃ তারিখে জারীকৃত এম এফ(ইসি-১) ডিপি-৬/৮৩/৩৭৮ নম্বর অফিস স্মারকের আলোকে প্রশাসনিক কার্যক্রমের সহিত সামঞ্জস্য রেখে ১৭-১০-১৯৯৯ খ্রিঃ তারিখে পাচবিম(প্রঃ)-২০(৩)/৯৯/৭৪৫ নম্বর স্মারকে এ মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণাদেশ জারী করা হয়। ইতোমধ্যে সরকারের কার্যবিধিমালা সংশোধিত হয়েছে। তদুপরি সরকারের প্রশাসনিক কার্যক্রমে কিছু কিছু ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি বিধানের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে। আর্থিক ব্যবস্থাপনায় সংস্কার কার্যক্রম গৃহীত হয়েছে এবং বাজেট প্রণয়ন ও হিসাব সংরক্ষণে নতুন শ্রেণীবিন্যাস পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। ইত্যবসরে অর্থ বিভাগ কর্তৃক ৭-৩-২০০০খ্রিঃ তারিখে জারীকৃত অম/অবি/ব্যানিঃ-১/ডিপি-১/২০০০/৬৪ নম্বর অফিস স্মারকমূলে সকল মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত আর্থিক ক্ষমতার সংশোধনী আনয়ন করায় কতিপয় বিষয়ে সংশ্লিষ্ট পর্যায়ের কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা অপরিপূর্ণ বলে প্রতীয়মান হচ্ছে।

২। পরিবর্তিত প্রেক্ষাপটে প্রশাসনিক কাজকর্ম দ্রুততার সাথে সম্পাদনের সুবিধার্থে এবং আর্থিক ক্ষমতা পুনঃবিন্যাসের লক্ষ্যে ১৭-১০-১৯৯৯ খ্রিঃ তারিখে অত্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত অফিস আদেশটি বাতিলপূর্বক এ অফিস আদেশটি জারী করা হল। এ নির্দেশে অর্পিত ক্ষমতা এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতা সাপেক্ষে প্রয়োগ করা যাবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরকারী নীতি, বিভিন্ন বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশানুসারে তাঁদের স্ব-স্ব দায়িত্বাবলী এই নির্দেশের প্রেক্ষিতে সম্পাদন করবেন। এ ছাড়া অর্থ বিভাগ কর্তৃক ৭-৩-২০০০ খ্রিঃ তারিখে জারীকৃত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা সংক্রান্ত নির্দেশ অনুসরণ করতে হবে। তদুপরি উন্নয়ন প্রকল্পসমূহের ক্ষেত্রে অর্থ বন্টন, অবমুক্তি ও অবমুক্ত অর্থের সদ্যবহার পদ্ধতি সম্পর্কে অর্থ বিভাগের উন্নয়ন উইং হতে সময়ে সময়ে জারীকৃত নির্দেশ ও নিয়মাবলীও অনুসরণ করতে হবে।

৩। কর্মকর্তাগণকে অর্পিত প্রশাসনিক ক্ষমতা সংযোজনী 'ক'-তে এবং আর্থিক ক্ষমতা সংযোজনী 'খ'-তে উল্লেখ করা হলো।

৪। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে ইহা কার্যকর হবে।

সৈয়দ মুশতাক  
সচিব।

## পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের নিকট প্রশাসনিক ক্ষমতা অর্পণ

ক্রমিক নং	কাজের বিবরণ	অর্পিত ক্ষমতার পর্যায়				
		সচিব	যুগ্ম-সচিব	উপ-সচিব	সিঃসহঃসচিব/সহঃসচিব	
১	২	৩	৪	৫	৬	
১।	নীতি নির্ধারণ	সকল বিষয়	-	-	-	
২।	বিধি-বিধান ও নির্দেশানুসারে একমাত্র সচিবের উপর অর্পিত ক্ষমতা সম্পর্কিত বিষয়সমূহ।	ঐ	-	-	-	
৩।	প্রচলিত নীতিমালার সংশোধনী প্রস্তাব	ঐ	-	-	-	
৪।	আইন/বিধি-বিধান প্রণয়ন ও সংশোধনী প্রস্তাব	ঐ	-	-	-	
৫।	মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী/মন্ত্রিপরিষদ/কাজিসি কমিটির বিবেচনার জন্য প্রেরিতব্য প্রস্তাব।	ঐ	-	-	-	
৬।	সচিব কমিটি, নিকার, একনেক ইত্যাদিতে উপস্থাপনযোগ্য বিষয়াবলী।	ঐ	-	-	-	
৭।	জাতীয় সংসদের প্রশ্নোত্তর, জনগুরুত্ব সম্পন্ন বিষয়, মনোযোগী আকর্ষণ প্রস্তাব, মূলতর্কী প্রস্তাব ইত্যাদি।	ঐ	-	-	-	
৮।	পাবলিক একাউন্টস কমিটিতে উত্থাপনযোগ্য অডিট আপত্তি	ঐ	-	-	-	
৯।	গণমাধ্যমে মন্ত্রণালয়ের পক্ষ হইতে ভাষ্য প্রদান (প্রেস রিলিজ)।	ঐ	-	-	-	
১০।	নিয়োগ বিধি প্রণয়ন	ঐ	-	-	-	
১১।	বৈদেশিক চাকুরীতে সরকারী মনোনয়ন	ঐ	-	-	-	
১২।	মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী জীবন পরিকল্পনা নীতিমালা প্রণয়ন।	ঐ	-	-	-	
১৩।	মন্ত্রণালয়ের নিয়োগ (সরাসরি ও পদোন্নতি) ও বদলী/পদায়ন।	প্রথম শ্রেণীর কর্মকর্তা	দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা	৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী	-	

ক্রমিক নং	কাজের বিবরণ	সচিব	সিওসহঃসচিব/সহঃসচিব	উপ-সচিব	সিওসহঃসচিব/সহঃসচিব
১৪।	কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক গৃহনির্মাণ এবং অন্যান্য স্থাবর/অস্থাবর সম্পত্তি ক্রয়/বিক্রয়/হস্তান্তরের অনুমতি।	পঁচিশ লক্ষ টাকার অধিক	সিওসহঃসচিব/সহঃসচিব	সাত লক্ষ টাকা পর্যন্ত	-
১৫।	একাধিক পদে চলতি দায়িত্ব এবং এতদউদ্দেশ্যে ভাতা প্রদান।	যুগ্ম-সচিব পর্যায়ভুক্ত কর্মকর্তাগণ	-	সকল কর্মচারী	-
১৬।	বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি গঠন	-	পূর্ণ ক্ষমতা	-	-
১৭।	বিশেষ নির্বাচন কমিটির গঠন	পূর্ণ ক্ষমতা	-	-	-
১৮।	টেন্ডার কমিটি গঠন ও সংশোধন	-	পূর্ণ ক্ষমতা	-	-
১৯।	লাইব্রেরী সংক্রান্ত বিষয়াবলী	-	-	পূর্ণ ক্ষমতা	-
২০।	পারিশ্রমিক (ফি) গ্রহণ এবং এতদসংক্রান্ত কাজের জন্য অনুমতি প্রদান।	সকল কর্মকর্তা	-	-	-
২১।	দেশের অভ্যন্তরে সরকারী ভ্রমণ অনুমোদন	যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা	সকল কর্মচারী	সকল কর্মচারী	-
২২।	পেনশন মঞ্জুরীর ক্ষেত্রে চাকুরীর ধারাবাহিকতা ভংগের জন্য প্রমার্জন (ফল-৩০৪, বিএস আর-১ অনুসারে)।	সকল কর্মকর্তা	সকল কর্মচারী	-	-
২৩।	সরকারী ডাক্তার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট গ্রহণের ক্ষমতা (ফলস ১৯, বিএসআর-২ অনুসারে)।	..	সকল কর্মকর্তা	সকল কর্মচারী	-
২৪।	পেনশন প্রাপ্যতার জন্য কোয়ালিফাইং সার্ভিস প্রমার্জন (ফলস-৩০৫, বিএসআর-১ অনুসারে)।	১ম শ্রেণীর কর্মকর্তা	২য় শ্রেণীর কর্মকর্তা	সকল কর্মচারী	-

ক্রমিক নং	কাজের বিবরণ	সচিব	যোগা-সচিব	উপ-সচিব	সিঃসহঃসচিব/সহঃসচিব
২৫।	(ক) অবসর গ্রহণের অনুমতি ও অবসর ভাতা মঞ্জুরী (সুপার এ্যানুয়েশন) (খ) এল, পি, আর অনুমোদন ও পেনশন মঞ্জুরী (অবসর গ্রহণ আইন, ১৯৭৪ এর ৯(২) বিধান অনুযায়ী)।	১ম শ্রেণীর কর্মকর্তা ১ম শ্রেণীর কর্মকর্তা	২য় শ্রেণীর কর্মকর্তা ২য় শ্রেণীর কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী।	সকল কর্মচারী	- - -
২৬।	নন-গেজেটেড কর্মচারীদের চাকুরী বৃত্তান্ত যাচাই/নিরীক্ষা	-	-	-	পূর্ণ ক্ষমতা
২৭।	(ক) কর্মকর্তা/কর্মচারীদের শান্তি-বিনোদন ছুটিসহ ভাতা প্রদান। (খ) অর্জিত ছুটি (গ) শিক্ষাছুটি	যোগা-সচিব ও উপ- সচিব পর্যায়ের কর্মকর্তা ১ম শ্রেণীর কর্মকর্তা পূর্ণ ক্ষমতা	সিঃসহঃসচিব/সহঃ সচিব সমপর্যায়ভুক্ত সহ অন্যান্য ১ম শ্রেণী ও ২য় শ্রেণীর কর্মকর্তা। ২য় শ্রেণীর কর্মকর্তা	৩য় শ্রেণীর কর্মচারী ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী	৪র্থ শ্রেণীর কর্মচারী
২৮।	দক্ষতা সীমা অতিক্রম	-	১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা	সকল কর্মচারী	-
২৯।	বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত বিষয়	সরকারী নির্দেশ মোতাবেক	২য় শ্রেণীর কর্মকর্তা	সকল কর্মচারী	-
৩০।	চাকুরী স্থায়ী/নিয়মিতকরণ (প্রচলিত নিয়ম অনুসারে)	সকল কর্মকর্তা	-	সকল কর্মচারী	-
৩১।	মোডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত কর্মকর্তা ও কর্মচারী সম্পর্কিত বিষয়াবলী।	১ম শ্রেণীর কর্মকর্তা	২য় শ্রেণীর কর্মকর্তা	সকল কর্মচারী	-
৩২।	অস্থায়ী পদের মেয়াদ সংরক্ষণ (প্রচলিত নিয়ম অনুসারে- এর প্রস্তাব উত্থাপন)	পূর্ণ ক্ষমতা	-	-	-

